



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৭
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৮
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	২২
সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে	২৩
সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	২৬

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি, খাদ্য নিরাপত্তা, কর্মসংস্থান সৃষ্টি, রপ্তানি বাণিজ্যের সম্প্রসারণ সর্বোপরি আর্থসামাজিক উন্নয়নে মৎস্য ও প্রাণিসম্পদ খাতের অবদান অনস্বীকার্য। বিগত ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবছরে মৎস্য উৎপাদন ছিল যথাক্রমে ৪৬.২১, ৪৭.৫৯ ও ৪৯.১৫ লক্ষ মেট্রিক টন; মাংসের উৎপাদন ছিল ৮৪.৪০, ৯২.৬৫ ও ৮৭.১০ লক্ষ মেট্রিক টন; দুধের উৎপাদন ছিল ১১৯.৮৫, ১৩০.৭৪ ও ১৪০.৬৮ লক্ষ মেট্রিক টন এবং ডিমের উৎপাদন ছিল ২০৫৭.৬৪, ২৩৩৫.৩৫ ও ২৩৩৭.৬৩ কোটি। দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৬৭.৭৮ গ্রাম-এ উন্নীত হয়েছে। ২০২২-২৩ অর্থবছর শেষে মাংস, দুধ ও ডিমের জন প্রতি প্রাপ্যতা বেড়ে যথাক্রমে ১৩৭.৩৮ গ্রাম/দিন, ২২১.৮৯ মি.লি/দিন ও ১৩৪.৫৮ টি/বছর এ উন্নীত হয়েছে। মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ, ক্ষতিকর জাল ধ্বংসে কৃষি অপারেশন পরিচালনা, মৎস্য আহরণ বন্ধ রাখা, মৎস্য আহরণে বিরত মৎস্যজীবী জেলেদের ভিজিএফ প্রদানের ফলে ইলিশের একক ওজন ও মোট উৎপাদন সাম্প্রতিক বছরসমূহে বৃদ্ধি পেয়েছে। মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে যথাক্রমে ৪০৮৮.৯৬, ৫১৯১.৭৫ এবং ৪৭৯০.৩৪ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। বিগত তিন বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে পশু জবাই ও মাংসের মাননিয়ন্ত্রণ বিধিমালা ২০২১, সামুদ্রিক মৎস্য আহরণ নীতিমালা ২০২২, চিড়িয়াখানা আইন ২০২৩ এবং ডেইরি ডেভেলপমেন্ট বোর্ড আইন ২০২৩, জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা ২০২৩, সামুদ্রিক মৎস্য বিধিমালা এবং সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা ও আহরণ সংক্রান্ত কারিগরি নির্দেশমালা ২০২৩ প্রণয়ন করা হয়েছে যা মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের উৎপাদন বৃদ্ধি, সহনশীল আহরণ, বিপণন ইত্যাদি ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মা ইলিশ ও জাটকা সংরক্ষণ করা, অবৈধ জালের উৎপাদন ও ব্যবহার বন্ধ করা, গুণগত মানসম্পন্ন মৎস্য/চিংড়ির পোনা প্রাপ্তি, মৎস্য আবাসস্থল ও জীববৈচিত্র্য সংরক্ষণ, সামুদ্রিক মৎস্য সম্পদের টেকসই ব্যবস্থাপনা, উন্নত জাতের সিমেন উৎপাদন, কৃত্রিম প্রজননের মাধ্যমে গবাদিপশুর জাত উন্নয়ন, এবং মানসম্পন্ন মৎস্য ও পশু খাদ্যের অপ্রতুলতা, খাদ্যের উচ্চমূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব ইত্যাদি মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে প্রধান প্রধান প্রতিবন্ধক। তাছাড়া বন্যা ও কোভিড-১৯ মহামারি চ্যালেঞ্জ হিসেবে কাজ করে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী ২০২৪-২৫ সালের মধ্যে ৪৯.৯২ লক্ষ মে:টন মাছ, ১৬৩.৬০ লক্ষ মে: টন দুধ, ৮৫.১০ লক্ষ মে:টন মাংস ও ২২৩৯.৩০ কোটি ডিম উৎপাদনের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কাজ করছে। ২০৩০ সালের মধ্যে গুণগত মানসম্পন্ন মৎস্য/চিংড়ির পোনা উৎপাদন ও সরবরাহ, সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নিরূপণ ও সর্বোচ্চ সহনশীল আহরণ নির্ধারণ (MSY), মাংস ও দুগ্ধ উৎপাদন বৃদ্ধির জন্য কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গরু-মহিষের জাত উন্নয়ন, মৎস্যখাদ্য ও পশুখাদ্যের মান নিয়ন্ত্রণ করা হবে। মৎস্য ও প্রাণিজাত পণ্যের বহুমুখীকরণ, ফুড সেফটি নিশ্চিতকরণ এবং ২০৩০ সালের মধ্যে ক্যাটেল ইনসুরেন্স ব্যবস্থা প্রবর্তন। বন্যা ও মহামারিকালে মৎস্য ও প্রাণিজাত পণ্যের উৎপাদন ও বাজারজাতকরণ এবং মৎস্য আহরণ বন্ধকালে প্রণোদনা প্রদানের পরিমাণ ও আওতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হবে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- মৎস্য ও মৎস্যজাত পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে আইওটি বেইজড ১৫টি প্রদর্শনী খামার স্থাপন, উন্মুক্ত জলাশয়ে ২৩০.৭৫ মে:টন পোনা অবমুক্তকরণ, ৬৫০ টি বিল নার্সারি স্থাপন এবং ৪০টি নতুন অভয়াশ্রম স্থাপন করা;
- মা ইলিশ, জাটকা সংরক্ষণ ও ক্ষতিকর জাল ধ্বংসে ১৭,০০০টি মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা, ১৪৫০০ কেজি মানসম্পন্ন রুই জাতীয় মাছের রেণু উৎপাদন;
- গবাদি পশুর জাত উন্নয়নে ৪৫ লক্ষ মাত্রা সিমেন উৎপাদন ও ৪১.৫০ লক্ষ মাত্রা সম্প্রসারণ, রোগ নিয়ন্ত্রণে ৩২.৫০ কোটি মাত্রা টিকা উৎপাদন ও ৩১.৫০ কোটি মাত্রা প্রয়োগ এবং ৩৮ লক্ষ হাঁস-মুরগির বাক্সা উৎপাদন;

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission)

মৎস্য ও প্রাণিজ পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মৎস্য সম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৩. প্রাণিসম্পদ ও পোল্ট্রি খাতের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
৪. মানসম্মত মৎস্য ও মৎস্যজাত পণ্য এবং প্রাণিজাত পণ্যের সরবরাহ ও রপ্তানি বৃদ্ধি
৫. মৎস্য ও গবাদিপশুর চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন;
২. আমিষে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে মাছ, মাংস, দুধ ও ডিমের উৎপাদন বৃদ্ধি;
৩. মৎস্য ও পশুপুষ্টি এবং কৃত্রিম প্রজনন;
৪. দুগ্ধ ও গবাদিপশু এবং হাঁস-মুরগির খামার ব্যবস্থাপনা, মৎস্য ও পশুজাত পণ্যের রপ্তানি ও মান নিয়ন্ত্রণ;
৫. মৎস্য, গবাদিপশু ও হাঁস-মুরগির কৌলিতাত্ত্বিক গুণাগুণ সংরক্ষণ, জাত উন্নয়ন, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ;
৬. মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে সুষ্ঠু ব্যবস্থাপনা, গবেষণা কার্যক্রম ও প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;
৭. মৎস্য সম্পদ ও প্রাণি জরিপ এবং চিড়িয়াখানা সংক্রান্ত বিষয়াদি;
৮. অভ্যন্তরীণ, উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য উন্নয়ন, আহরণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা।
৯. মাছ ও অর্থনৈতিক গুরুত্বসম্পন্ন অন্যান্য জলজ প্রাণির সংরক্ষণ এবং মৎস্য খামার ব্যবস্থাপনা

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
২০২৪-২৫ অর্থবছরে মাংস উৎপাদন ৮৫.১০ লক্ষ মে: টন এ উন্নীত করা	দেশজ উৎপাদিত মাংসের দৈনিক মাথাপিছু প্রাপ্যতা (প্রয়োজন ১২০ গ্রাম)	গ্রাম/দিন	১৩৭.৩৮	১৩৭.০২	১৩৮.০৫	১৪১.৩৭	১৪২.০০	ভূমি মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বিবিএস
২০২৪-২৫ অর্থবছরে দুধ উৎপাদন ১৬৩.৬০ লক্ষ মে: টন এ উন্নীত করা	দেশজ উৎপাদিত দুধের দৈনিক মাথাপিছু প্রাপ্যতা (প্রয়োজন ২৫০ মি.লি.)	মিলি/দিন	২২১.৮৯	২২০.৯০	২৫১.৯১	২৫৭.৪০	২৫৮.০০	ভূমি মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বিবিএস
২০২৪-২৫ অর্থবছরে ডিম উৎপাদন ২২৩৯.৩০ কোটি তে উন্নীত করা	দেশজ উৎপাদিত ডিমের বার্ষিক মাথা পিছু প্রাপ্যতা (প্রয়োজন ১০৪ টি)	সংখ্যা/বছর	১৩৪.৫৮	১৩৬.৩৮	১৩৮.৯৫	১৪০.৩৫	১৪১.১৫	কৃষি মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, বিএলআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা	প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, বিবিএস
জাতীয় রপ্তানিতে প্রাণিসম্পদ পণ্যের আয়	প্রাণিজাত পণ্যের রপ্তানি আয়	কোটি টাকা	৪৩৯৩.০০	৪৫০০.০০	৪৫০০.০০	৪৭০০.০০	৪৮৫০.০০	বাণিজ্য মন্ত্রণালয়, এনবিআর, বিএলআরআই, রপ্তানিকারক প্রতিষ্ঠান	রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক
২০২৪-২৫ অর্থবছরে মাছের উৎপাদন ৪৯.৯২ লক্ষ মে: টন এ উন্নীত করা	দেশজ উৎপাদিত মাছের মাথা পিছু প্রাপ্যতা (জন প্রতি দৈনিক প্রয়োজন ৬৫ গ্রাম)	গ্রাম/দিন	৬৭.৮০	৬৯.২৫	৭৩	৭৫	৭৫	ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বিএফআরআই, উন্নয়ন সহযোগী সংস্থা	মৎস্য অধিদপ্তরীয় প্রতিবেদন, বিবিএস
মৎস্য ও মৎস্যজাত পণ্যের রপ্তানি আয়	মৎস্য ও মৎস্যজাত পণ্যের রপ্তানির আয় বৃদ্ধি	কোটি টাকা	৪৭৯০.০০	৭৬১০০.০০	৭৬২০০.০০	৭৬৫০০.০০	৭৬৬০০.০০	বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন	রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭	
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে			
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%			
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ																
[১] মৎস্য সম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি	২০	[১.১] আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার স্থাপন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.১.১] পরিদর্শনকৃত আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার	সমষ্টি	সংখ্যা	১	২০	০৯	০৬	০৪				০৮	০৮	
			[১.১.২] স্থাপিত আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার	সমষ্টি	সংখ্যা	২	২৩৮২	৬১১	১৫	১২	১০			২০	২৫	
		[১.২] উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ	[১.২.১] অবমুক্তকৃত পোনা	সমষ্টি	মে: টন	২	২১৭.৩৩	২২১.০৮৬	২৪০.৭৫	২২০				২৩৫	২৩৫	
		[১.৩] মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে গঠিত কমিটির সভা আহবান/আয়োজন	[১.৩.১] মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ‘মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি’র সভা আয়োজন	সমষ্টি	সংখ্যা	২			১							
			[১.৩.২] মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে টাস্কফোর্স ও অন্যান্য কমিটির সভা আয়োজন	সমষ্টি	সংখ্যা	২			২	১				২	২	
		[১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.৪.১] পরিদর্শনকৃত মৎস্য অভয়াশ্রম	সমষ্টি	সংখ্যা	১	১২	১১	১৮	১৬	১৪				১৮	১৮
			[১.৪.২] রক্ষণাবেক্ষণকৃত বিদ্যমান অভয়াশ্রম	সমষ্টি	সংখ্যা	২	২০১	১৯৫	৩৫০	৩২০	৩০০				৩৫০	৩৫০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[১.৪.৩] স্থাপিত নতুন অভয়াশ্রম	সমষ্টি	সংখ্যা	২	৫৯	২৭	৪০	৩৫				৪০	৪০
		[১.৫] ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.৫.১] আইন বাস্তবায়নে পরিচালিত অভিযান	সমষ্টি	সংখ্যা	২	১৬৩৯৮	১৫১৯৭	১৭০০০	১৬০০০	১৫০০০			১৭০০০	১৭০০০
			[১.৫.২] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক অংশগ্রহণকৃত মা ইলিশ, জাটকা সংরক্ষণ এবং অবৈধ ক্ষতিকর জাল ধ্বংসে পরিচালিত অভিযান	সমষ্টি	সংখ্যা	২	২০	১৭	২৫	২২	২০			২৪	২৪
		[১.৬] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক মৎস্য বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[১.৬.১] হস্তান্তরিত মৎস্য বিষয়ক প্রযুক্তি	সমষ্টি	সংখ্যা	২	৪	৩	৩	২				২	২
[২] মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি	১৪	[২.১] মন্ত্রণালয়ের অধীন চলমান উন্নয়ন প্রকল্প পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[২.১.১] পরিদর্শনকৃত চলমান উন্নয়ন প্রকল্প	সমষ্টি	সংখ্যা	১	২৪	১৪	২২	১৮	১৬			২০	২০
			[২.১.২] ১ম বার্ষিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের বাস্তবায়নযোগ্য সুপারিশ	সমষ্টি	শতকরা	২		২০	১০০	৯০	৮০			১০০	১০০
			[২.২] সমুদ্রগামী ফিসিং ও নৌ-বাণিজ্যিক জাহাজে চাকুরির জন্য ২ বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্স পরিচালনা	[২.২.১] প্রি-সী প্রশিক্ষণে উত্তীর্ণ ক্যাডেট	সমষ্টি	সংখ্যা	১		১৩৮	১০০	৯৫	৯০			১১০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[২.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন	[২.৩.১] মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য আয়োজিত লার্নিং সেশন	সমষ্টি	সংখ্যা	১	৬	৫	৪	৩				৪	৪
			[২.৩.২] বিভাগীয় পর্যায়ে স্মার্ট বাংলাদেশ বিষয়ে আয়োজিত কর্মশালা	সমষ্টি	সংখ্যা	২			৪	৩				৪	৬
			[২.৩.৩] ক্যাশলেস লেনদেন	সমষ্টি	শতকরা	২			৫০	৪০	৩০			৬০	৭০
		[২.৪] বিকল্প কর্মসংস্থানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান, উপকরণ বিতরণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[২.৪.১] বিকল্প কর্মসংস্থানের জন্য প্রদানকৃত প্রশিক্ষণ	সমষ্টি	সংখ্যা	২			৮৫০০	৭৫০০				৭০০০	
			[২.৪.২] বিতরণকৃত বকনা	সমষ্টি	সংখ্যা	১			৮৫০০	৭৫০০				৭০০০	
			[২.৪.৩] মন্ত্রণালয় কর্তৃক বিতরণকৃত বকনা পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	১			১৫	১২	১০			১২	১২
		[২.৫] নন-ট্যাক্স রাজস্ব আদায়	[২.৫.১] আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব	সমষ্টি	কোটি টাকা	১			১০৫.২৯	৯০.০০					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] প্রাণিসম্পদ ও পোল্ট্রি খাতের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি	১৩	[৩.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন	[৩.১.১] উৎপাদিত সিমেন	সমষ্টি	মাত্রা (লক্ষ)	১	৪৫.১৭	৩৩.৩৭	৪৫	৪৪	৪৩			৪৬	৪৬
		[৩.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[৩.২.১] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	১	৪২.৩৪	২৬.৬৭	৪১.৫০	৪০.০০				৪২.০০	৪২
			[৩.২.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ কার্যক্রম পরিদর্শন	সমষ্টি	সংখ্যা	১	১৫	১৩	১৬	১৪	১২			১৬	১৮
			[৩.২.৩] ১ম ষাণ্মাসিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশসমূহের মধ্যে বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	সমষ্টি	শতকরা	২			১০০	৯০				১০০	১০০
		[৩.৩] সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[৩.৩.১] উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা	সমষ্টি	সংখ্যা	২	৩৮.০৩	২৭.৭২	৩৮.০০	৩৬.৫০				৩৯.০০	৪০.০০
			[৩.৩.২] পরিদর্শনকৃত সরকারি হাঁস-মুরগির খামার	সমষ্টি	সংখ্যা	১	১০	১০	১৪	১২	১০			১৪	১৬
			[৩.৩.৩] ১ম ষাণ্মাসিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশসমূহের মধ্যে বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	সমষ্টি	শতকরা	২		২০	১০০	৯০				১০০	১০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৩.৪] রমজান মাস উপলক্ষ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ঢাকা শহরের বিভিন্ন স্থানে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়	[৩.৪.১] রমজান মাস উপলক্ষ্যে ঢাকা শহরে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়ে পরিচালিত কেন্দ্র	সমষ্টি	সংখ্যা	২			২৫	২০			২৫	৩০	
		[৩.৫] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[৩.৫.১] হস্তান্তরিত প্রাণিজাত প্রযুক্তি	সমষ্টি	সংখ্যা	১	২		১				২	২	
[৪] মানসম্মত মৎস্য ও মৎস্যজাত পণ্য এবং প্রাণিজাত পণ্যের সরবরাহ ও রপ্তানি বৃদ্ধি	১৩	[৪.১] মৎস্য ও পশু খাদ্য চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন নিয়ন্ত্রণ কমিটির সভা আহ্বান ও সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়ন	[৪.১.১] ফিডের চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	১	২	১	২	১			২	২	
			[৪.১.২] অর্থবছরের ১ম সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়িত	সমষ্টি	শতকরা	২	১০০	৫০	১০০	৯০	৮০			১০০	১০০
		[৪.২] নিরাপদ ও আধুনিক পদ্ধতিতে মৎস্য অবতরণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[৪.২.১] পরিদর্শনকৃত মৎস্য অবতরণ কেন্দ্র	সমষ্টি	সংখ্যা	১	৫	৪	৬	৫	৪			৬	৬
			[৪.২.২] কাপ্তাই লেক ও অন্যান্য অবতরণ কেন্দ্রে অবতরণকৃত মাছ	সমষ্টি	মে:টন	১	২৪১০০.৮৭	২০২৩৫.৭১	২৪০০০	২২০০০	২০৫০০			২৪৫০০	২৪৭০০
		[৪.৩] ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন	[৪.৩.১] নিবন্ধন/নবায়নকৃত ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান	সমষ্টি	সংখ্যা	১	২৫৬	১০৮৯	১২০০	১১০০	১০০০			১২০০	১২৫০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৪.৪] মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির জন্য স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান	[৪.৪.১] রপ্তানির জন্য প্রদানকৃত স্বাস্থ্যকরত্ব সনদ	সমষ্টি	সংখ্যা	১	৪৩৫৪	৩৯৪৫	৪৫৯০	৪৪০০	৪৩০০			৪৬০০	৪৬০০
		[৪.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিঞ্জেল ও প্রামাণ্যচিত্র প্রদর্শন/প্রচার	[৪.৫.১] প্রচারিত মৎস্য এবং প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিঞ্জেল ও প্রামাণ্যচিত্র	সমষ্টি	সংখ্যা	১		৫	৭	৬	৫			৭	৭
		[৪.৬] জেলাপ্রশাসক সম্মেলন-২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ	[৪.৬.১] মৎস্য, পশু ও পোল্ট্রি খাদ্যের উপর শুল্ক হ্রাসের পদক্ষেপ গ্রহণ	তারিখ	তারিখ	১			৩০.০৬.২৫						
			[৪.৬.২] হাওরাঞ্চলে দেশীয় প্রজাতির মাছের প্রজননের সময় (মে-জুলাই) নিষেধাজ্ঞা দেওয়ার পাশাপাশি জেলেদের জন্য প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
			[৪.৬.৩] পাথরঘাটা উপজেলায় মৎস্য অবতরণ কেন্দ্রে কোল্ড স্টোরেজ নির্মাণের পদক্ষেপ গ্রহণ	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
[৫] মৎস্য ও গবাদিপশুর চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ	১০	[৫.১] রোগ প্রতিরোধে টিকা উৎপাদন ও প্রয়োগ	[৫.১.১] উৎপাদিত টিকা	সমষ্টি	মাত্রা (কোটি)	১	৩১.০২	২৬.৮২	৩২.৫৪	৩২.০০	৩১.৫০			৩৩.০০	৩৩.৫০
			[৫.১.২] প্রয়োগকৃত টিকা	সমষ্টি	মাত্রা (কোটি)	২	৩১.১৬	২৩.৪৬	৩১.০৬	৩০.৫০	৩০.০০			৩২.০০	৩২.৫০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৫.২] প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন	[৫.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র	সমষ্টি	সংখ্যা	১		৪	৬	৫	৪			৬	৮
			[৫.২.২] ১ম ষান্মাসিক পরিদর্শনে প্রাপ্ত বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	সমষ্টি	শতকরা	২			১০০	৯০	৮০			১০০	১০০
		[৫.৩] গুণগত মানসম্পন্ন মাছের রেগু উৎপাদন এবং চিংড়ি উৎপাদন বৃদ্ধিতে এসপিএফ মুক্ত বাগদা পিএল নিশ্চিতকরণে উৎপাদিত পিএল নমুনার পিসিআর পরীক্ষা	[৫.৩.১] উৎপাদিত মাছের রেগু	সমষ্টি	কেজি	২	১৪১৮৮.৪৮	২৬৫২.৯৫	১৪৫০০	১৪০০০	১৩০০০			১৫৮০০	১৫০০০
			[৫.৩.২] পিসিআর পরীক্ষিত বাগদা পিএল নমুনা	সমষ্টি	সংখ্যা	২	১২	১৯	৫৪	৫০	৪০			৬০	৬০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৫.০৭.২০২৪

তারিখ



মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

১৫.০৭.২০২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	আইইউইউ	ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড
২	আইইউসিএন	ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার
৩	আইওটি	ইন্টারনেট অব থিংস
৪	ইপিবি	এক্সপোর্ট প্রমোশন ব্যুরো
৫	এআই	আর্টিফিশিয়াল ইনসিমিনেশন (কৃত্রিম প্রজনন)
৬	এআইজি	অলটারনেটিভ ইনকাম জেনারেটিং
৭	এনআরসিপি	ন্যাশনাল রেসিডিউ কন্ট্রোল প্লান
৮	এনজিও	নন গভার্নমেন্ট অর্গানাইজেশন
৯	এফআইকিউসি	ফিশ ইমপেকসন এন্ড কোয়ালিটি কন্ট্রোল
১০	এফএও	ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন
১১	এমওএফএল	মিনিস্ট্রি অব ফিশারিজ এন্ড লাইভস্টক
১২	এলজিইডি	লোকাল গভার্নমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
১৩	এসডিজি	সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল
১৪	এসপিএফ	স্পেসিফিক প্যাথোজেন ফ্রি
১৫	জিডিপি	গ্রস ডমেষ্টিক প্রডাক্ট
১৬	ডিএলএস	ডিপার্টমেন্ট অব লাইভস্টক সার্ভিস
১৭	ডিওএফ	ডিপার্টমেন্ট অব ফিশারিজ
১৮	বিএফআরআই	বাংলাদেশ ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট
১৯	বিএফডিসি	বাংলাদেশ ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন
২০	বিএলআরআই	বাংলাদেশ লাইভস্টক রিসার্চ ইনস্টিটিউট
২১	বিবিএস	বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিসটিক্স

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার স্থাপন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.১.১] পরিদর্শনকৃত আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখা প্রধান	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[১.১.২] স্থাপিত আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার	সমন্বয়কারী: মৎস্য অনুবিভাগ বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর মৎস্য	অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলা/উপজেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং বিদ্যমান খামারসমূহের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের পিআইসি/পিএসসি সভার সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত কার্যবিবরণী
[১.২] উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ	[১.২.১] অবমুক্তকৃত পোনা	সমন্বয়কারী: মৎস্য অনুবিভাগ বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
[১.৩] মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে গঠিত কমিটির সভা আহ্বান/আয়োজন	[১.৩.১] মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ‘মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটি’র সভা আয়োজন	মৎস্য অনুবিভাগ এবং মৎস্য অধিশাখা-২ ও ৫	সভার নোটিশ ও উপস্থিতির তালিকা
	[১.৩.২] মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে টাস্কফোর্স ও অন্যান্য কমিটির সভা আয়োজন	মৎস্য-২ অধিশাখা	সভার নোটিশ ও উপস্থিতির তালিকা অথবা কার্যবিবরণী
[১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.৪.১] পরিদর্শনকৃত মৎস্য অভয়াশ্রম	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখার কর্মকর্তা	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[১.৪.২] রক্ষণাবেক্ষণকৃত বিদ্যমান অভয়াশ্রম	সমন্বয়কারী: মৎস্য অনুবিভাগ বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	রক্ষণাবেক্ষণকৃত অভয়াশ্রমের তালিকা এবং প্রকল্পের আওতায় বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের পিআইসি/পিএসসি সভার সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ
[১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.৪.৩] স্থাপিত নতুন অভয়াশ্রম	সমন্বয়কারী: মৎস্য অনুবিভাগ বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	নতুন স্থাপিত অভয়াশ্রমের তালিকা এবং প্রকল্পের আওতায় বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের পিআইসি/পিএসসি সভার সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ
[১.৫] ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[১.৫.১] আইন বাস্তবায়নে পরিচালিত অভিযান	সমন্বয়কারী: মৎস্য-২ অধিশাখা বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
	[১.৫.২] মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক অংশগ্রহণকৃত মা ইলিশ, জাটকা সংরক্ষণ এবং অবৈধ ক্ষতিকর জাল ধ্বংসে পরিচালিত অভিযান	সমন্বয়কারী: মৎস্য-২ অধিশাখা বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখার কর্মকর্তা	অভিযান/মোবাইল কোর্টে অংশগ্রহণ সংক্রান্ত প্রতিবেদনের সামারি
[১.৬] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক মৎস্য বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[১.৬.১] হস্তান্তরিত মৎস্য বিষয়ক প্রযুক্তি	সমন্বয়কারী: মৎস্য-৫ অধিশাখা বাস্তবায়ন: বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক প্রযুক্তি হস্তান্তরের পত্র/অনুষ্ঠান/সভার প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[২.১] মন্ত্রণালয়ের অধীন চলমান উন্নয়ন প্রকল্প পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[২.১.১] পরিদর্শনকৃত চলমান উন্নয়ন প্রকল্প	পরিকল্পনা অনুবিভাগ	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[২.১.২] ১ম ষাণ্মাসিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশের বাস্তবায়নযোগ্য সুপারিশ	পরিকল্পনা অনুবিভাগ ও প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা	সুপারিশ বাস্তবায়নের জন্য অবহিতকরণ পত্র/বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন
[২.২] সমুদ্রগামী ফিসিং ও নৌ-বাণিজ্যিক জাহাজে চাকুরির জন্য ২ বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্স পরিচালনা	[২.২.১] প্রি-সী প্রশিক্ষণে উত্তীর্ণ ক্যাডেট	মৎস্য-৩ অধিশাখা	প্রি-সী প্রশিক্ষণের চূড়ান্ত ফলাফল
[২.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন	[২.৩.১] মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য আয়োজিত লার্নিং সেশন	প্রশাসন-৩ অধিশাখা	প্রশিক্ষণের আদেশ, সূচি ও অংশগ্রহণকারীদের হাজিরা
	[২.৩.২] বিভাগীয় পর্যায়ে স্মার্ট বাংলাদেশ বিষয়ে আয়োজিত কর্মশালা	আইসিটি	কর্মশালা আয়োজনের আদেশ, সূচি ও অংশগ্রহণকারীদের হাজিরা
	[২.৩.৩] ক্যাশলেস লেনদেন	আইসিটি শাখা	ক্যাশলেস লেনদেনের প্রতিবেদন
[২.৪] বিকল্প কর্মসংস্থানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান, উপকরণ বিতরণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[২.৪.১] বিকল্প কর্মসংস্থানের জন্য প্রদানকৃত প্রশিক্ষণ	সমন্বয়কারী: প্রশাসন-১ অধিশাখা বাস্তবায়ন: ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর	মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত উপজেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের পিআইসি/পিএসসি সভার সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত কার্যবিবরণী প্রেরণ
	[২.৪.২] বিতরণকৃত বকনা	সমন্বয়কারী: প্রশাসন-১ বাস্তবায়ন: ইলিশ সম্পদ উন্নয়ন প্রকল্প	উপজেলাভিত্তিক সামারি প্রতিবেদন এবং ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের পিআইসি/পিএসসি সভার সর্বশেষ অগ্রগতি সংক্রান্ত কার্যবিবরণী প্রেরণ
	[২.৪.৩] মন্ত্রণালয় কর্তৃক বিতরণকৃত বকনা পরিদর্শন	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখা প্রধান	পরিদর্শন সংক্রান্ত সামারি প্রেরণ
[২.৫] নন-ট্যাক্স রাজস্ব আদায়	[২.৫.১] আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব	বাজেট অধিশাখা	আদায়ের ক্রমপুঞ্জিত প্রতিবেদন
[৩.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন	[৩.১.১] উৎপাদিত সিমেন	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-২ অনুবিভাগ বাস্তবায়ন: প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক কেন্দ্র ভিত্তিক সিমেন উৎপাদনের সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
[৩.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[৩.২.১] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-২ অনুবিভাগ বাস্তবায়ন: প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
	[৩.২.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ কার্যক্রম পরিদর্শন	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-২ অনুবিভাগ বাস্তবায়নকারী: সকল অধিশাখা ও শাখা	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[৩.২.৩] ১ম ষাণ্মাসিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশসমূহের মধ্যে বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থা	সুপারিশ বাস্তবায়নের জন্য অবহিতকরণ পত্র/বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.৩] সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন	[৩.৩.১] উৎপাদিত একদিনের হাঁস-মুরগির বাচ্চা	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-২ অনুবিভাগ বাস্তবায়নে: প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রেরিত খামারভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
	[৩.৩.২] পরিদর্শনকৃত সরকারি হাঁস-মুরগির খামার	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়নকারী: সকল শাখা/অধিশাখা	পরিদর্শন সামারি
	[৩.৩.৩] ১ম যাদ্যাসিক পরিদর্শনে প্রাপ্ত সুপারিশসমূহের মধ্যে বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	প্রাণিসম্পদ-১ অধিশাখা	পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক (সংশ্লিষ্ট পত্র, বরাদ্দ ইত্যাদি)
[৩.৪] রমজান মাস উপলক্ষ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ঢাকা শহরের বিভিন্ন স্থানে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়	[৩.৪.১] রমজান মাস উপলক্ষ্যে ঢাকা শহরে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়ে পরিচালিত কেন্দ্র	প্রাণিসম্পদ -২ অধিশাখা	সভার কার্যবিবরণী ও বিক্রয় কেন্দ্রসমূহের তালিকা এবং কতিপয় ছবি
[৩.৫] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	[৩.৫.১] হস্তান্তরিত প্রাণিজাত প্রযুক্তি	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-২ অধিশাখা বাস্তবায়নে: বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক প্রযুক্তি হস্তান্তরের পত্র/অনুষ্ঠান/সভার প্রতিবেদন
[৪.১] মৎস্য ও পশু খাদ্য চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন নিয়ন্ত্রণ কমিটির সভা আহবান ও সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়ন	[৪.১.১] ফিডের চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত	প্রাণিসম্পদ-২ অধিশাখা	সভার নোটিশ ও হাজিরা/সভার কার্যবিবরণী
	[৪.১.২] অর্থবছরের ১ম সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়িত	প্রাণিসম্পদ-২ অধিশাখা	সভার সিদ্ধান্ত বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক (কার্যবিবরণী ও সংশ্লিষ্ট পত্রসমূহ)
[৪.২] নিরাপদ ও আধুনিক পদ্ধতিতে মৎস্য অবতরণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	[৪.২.১] পরিদর্শনকৃত মৎস্য অবতরণ কেন্দ্র	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়নকারী: সকল শাখা/অধিশাখা	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[৪.২.২] কাপ্তাই লেক ও অন্যান্য অবতরণ কেন্দ্রে অবতরণকৃত মাছ	সমন্বয়কারী: মৎস্য-৩ অধিশাখা বাস্তবায়নে: বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	বিএফডিসি কর্তৃক অবতরণ কেন্দ্রভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
[৪.৩] ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন	[৪.৩.১] নিবন্ধন/নবায়নকৃত ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-১ অধিশাখা বাস্তবায়নে: প্রাণিসম্পদ অধিদপ্তর	ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন এবং বছর শেষে চাহিদার ভিত্তিতে তালিকা প্রেরণ
[৪.৪] মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির জন্য স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান	[৪.৪.১] রপ্তানির জন্য প্রদানকৃত স্বাস্থ্যকরত্ব সনদ	সমন্বয়কারী: মৎস্য-৫ অধিশাখা বাস্তবায়নে: মৎস্য অধিদপ্তর	মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
[৪.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিঞ্জেল ও প্রামাণ্যচিত্র প্রদর্শন/প্রচার	[৪.৫.১] প্রচারিত মৎস্য এবং প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিঞ্জেল ও প্রামাণ্যচিত্র	সমন্বয়কারী: প্রশাসন-১ অধিশাখা বাস্তবায়নে: মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর	প্রচারের কার্যাদেশ ও প্রচারকালীন ছবি

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৪.৬] জেলাপ্রশাসক সম্মেলন-২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ	[৪.৬.১] মৎস্য, পশু ও পোল্ট্রি খাদ্যের উপর শুল্ক হ্রাসের পদক্ষেপ গ্রহণ	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থা	সভার কার্যবিবরণী ও অন্যান্য সংশ্লিষ্ট পত্রসমূহ
	[৪.৬.২] হাওরাঞ্চলে দেশীয় প্রজাতির মাছের প্রজননের সময় (মে-জুলাই) নিষেধাজ্ঞা দেওয়ার পাশাপাশি জেলেদের জন্য প্রণোদনা প্রদানের উদ্যোগ গ্রহণ	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং দপ্তর/সংস্থা	বিভিন্ন সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট অন্যান্য পত্রসমূহ
	[৪.৬.৩] পাথরঘাটা উপজেলায় মৎস্য অবতরণ কেন্দ্রে কোল্ড স্টোরেজ নির্মাণের পদক্ষেপ গ্রহণ	সমন্বয়: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: বিএফডিসি	বিভিন্ন সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট অন্যান্য পত্রসমূহ
[৫.১] রোগ প্রতিরোধে টিকা উৎপাদন ও প্রয়োগ	[৫.১.১] উৎপাদিত টিকা	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-১ অধিশাখা বাস্তবায়ন: প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (এলআরআই) কর্তৃক প্রেরিত প্রতিবেদন
	[৫.১.২] প্রয়োগকৃত টিকা	সমন্বয়কারী: প্রাণিসম্পদ-১ অধিশাখা বাস্তবায়ন: প্রাণিসম্পদ অধিদপ্তর	প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
[৫.২] প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন	[৫.২.১] পরিদর্শনকৃত প্র্যাকটিস কেন্দ্র	সমন্বয়কারী: প্রশাসন অনুবিভাগ বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখা	পরিদর্শন সংক্রান্ত সামারি
	[৫.২.২] ১ম যান্মাসিক পরিদর্শনে প্রাপ্ত বাস্তবায়নযোগ্য সুপারিশ বাস্তবায়ন	সমন্বয়: প্রাণিসম্পদ-২ অনুবিভাগ বাস্তবায়ন: সকল শাখা/অধিশাখার প্রধান	পরিদর্শনের সুপারিশ বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক (সংশ্লিষ্ট পত্র, বরাদ্দ ইত্যাদি)
[৫.৩] গুণগত মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন এবং চিংড়ি উৎপাদন বৃদ্ধিতে এসপিএফ মুক্ত বাগদা পিএল নিশ্চিতকরণে উৎপাদিত পিএল নমুনার পিসিআর পরীক্ষা	[৫.৩.১] উৎপাদিত মাছের রেণু	সমন্বয়কারী: মৎস্য-২ অধিশাখা বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন এবং মন্ত্রণালয়ের এ সংক্রান্ত সভার কার্যবিবরণী
	[৫.৩.২] পিসিআর পরীক্ষিত বাগদা পিএল নমুনা	সমন্বয়কারী: মৎস্য-৫ অধিশাখা বাস্তবায়ন: মৎস্য অধিদপ্তর	চট্টগ্রাম ও খুলনা মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি কর্তৃক নমুনা পরীক্ষার প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	আইন বাস্তবায়নে পরিচালিত অভিযান	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনার জন্য নৌ-পুলিশের পাশাপাশি বাংলাদেশ পুলিশ ও কোস্টগার্ডের সহযোগিতা চাওয়া হবে।
ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন	আইন বাস্তবায়নে পরিচালিত অভিযান	মন্ত্রিপরিষদ বিভাগ	মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযানে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সহযোগিতার জন্য পত্রের মাধ্যমে সহায়তা চাওয়া হবে

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
১	নির্বাচনী ইশেতহার	পৃষ্ঠা-৪৯: ২০২৮-এর মধ্যে গবাদিপশুর উৎপাদনশীলতা ১.৫ গুণ বৃদ্ধি করা হবে; বাণিজ্যিক দুগ্ধ ও পোল্ট্রি খামার প্রতিষ্ঠা, আত্মকর্মসংস্থান বৃদ্ধি এবং দারিদ্র্য দূরীকরণে সহজ শর্তে প্রয়োজনীয় ভর্তুকি, প্রযুক্তিগত পরামর্শ ও নীতিগত সহায়তা প্রদান করা হবে; গুণগত মানসম্পন্ন পশুখাদ্য উপকরণের অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধি, প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির প্রসার ও যৌক্তিক মূল্য নিশ্চিত করা হবে; উৎপাদিত প্রাণিজাত পণ্যের বহুমুখীকরণ, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানিমুখী শিল্পের প্রসার করা হবে; ৪র্থ শিল্পবিপ্লবের প্রস্তুতি হিসেবে বাণিজ্যিক খামার ম্যাকানাইজেশন ও স্বয়ংক্রিয় উৎপাদন ব্যবস্থা সম্প্রসারণ করা হবে; মৎস্য উৎপাদন ৪৯ লক্ষ ১৫ হাজার মেট্রিক টন থেকে ৫৮ লক্ষ ৪০ হাজার মেট্রিক টনে উন্নীত করা হবে এবং পুষ্টির চাহিদা পূরণে জনপ্রতি মাছ গ্রহণের পরিমাণ ৬৭.৮০ গ্রাম/দিন থেকে বৃদ্ধি করে ৭৫ গ্রাম/দিনে উন্নীত করা হবে; সুশীল অর্থনীতির বিকাশে সাধনে সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা জোরদারকরণ ও দায়িত্বশীল মৎস্য আহরণ নিশ্চিত করা হবে; জলবায়ু পরিবর্তন মোকাবেলায় স্থানীয় জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, অভিযোজন ও সক্ষমতা বৃদ্ধিতে ডেল্টা হটস্পটভিত্তিক প্রকল্প/কর্মসূচি গ্রহণ করা হবে; বৈচিত্র্যময় ভ্যালু অ্যাডেড মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদনের মাধ্যমে মৎস্য অপচয় ১০ শতাংশ হ্রাস করা হবে এবং এ খাতে আগামী ৫ বছরে প্রায় ৬ লাখ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি করা হবে; পুকুরে মাছ চাষ ও যেখানে সম্ভব খানক্ষেতে মাছ চাষের আরও প্রসারের জন্য উন্নত জাতের পোনা, খাবার, রোগব্যাধির চিকিৎসা, পুঁজিসংস্থান ও সুলভে বিদ্যুৎ সংযোগসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান অব্যাহত রাখা হবে।	[১.১] আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার স্থাপন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.২] উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ; [১.৩] মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে গঠিত কমিটির সভা আহবান/আয়োজন [১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.৫] ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পরিদর্শন; [২.২] সমুদ্রগামী ফিসিং ও নৌ-বাণিজ্যিক জাহাজে চাকুরির জন্য ২ বছর মেয়াদি প্রি-সী প্রশিক্ষণ কোর্স পরিচালনা [২.৪] বিকল্প কর্মসংস্থানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান, উপকরণ বিতরণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৩.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন্ট উৎপাদন; [৩.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৩.৩] সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন ; [৪.১] মৎস্য ও পশু খাদ্য চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন নিয়ন্ত্রণ কমিটির সভা আহবান ও সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়ন; [৪.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিজেস ও প্রামাণ্যচিত্র প্রদর্শন/প্রচার; [৫.১] টিকা উৎপাদন ও টিকা প্রয়োগ; [৫.৩] গুণগত মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন এবং চিংড়ি উৎপাদন বৃদ্ধিতে এসপিএফ মুক্ত বাগদা পিএল নিশ্চিতকরণে উৎপাদিত পিএল নমুনার পিসিআর পরীক্ষা	প্রকৃতপক্ষে মূল কার্যক্রমসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা বাস্তবায়ন করবে এবং মন্ত্রণালয় সে সকল কার্যক্রম পরিদর্শন করবে।
২	টেকসই উন্নয়ন অভীষ্ট	অভীষ্ট-২.৩ মোতাবেক মৎস্যচাষীদের আয় দ্বিগুণ করা এবং এই লক্ষ্যে কৃষি-বর্হিভূত কর্মসংস্থানে তাদের নিরাপদ ও সমান সুযোগ নিশ্চিত করা সহ অন্যান্য উদ্যোগ গ্রহণ অভীষ্ট-২.৫ মোতাবেক জেনেটিক রিসোর্স সংরক্ষণ ও উন্নয়ন অভীষ্ট-১৫(১) মোতাবেক Percentage of wetland and natural sanctuaries maintained	[১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন [১.৫] ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক অভিযানে অংশগ্রহণ; [১.৬] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক মৎস্য বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর; [৩.৫] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক গবাদিপ্ৰাণি ও হাঁস-মুরগি বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর	প্রকৃতপক্ষে মূল কার্যক্রমসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা বাস্তবায়ন করবে এবং মন্ত্রণালয় সে সকল কার্যক্রম পরিদর্শন করবে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
৩	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা	মৎস্য সম্পদ বাড়ানোর পাশাপাশি এর উৎপাদন বৃদ্ধি; আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং জেলেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ; প্রাকৃতিকভাবে সংবেদনশীল নির্দিষ্ট অঞ্চলে মাছ ধরা নিষিদ্ধ করে জলাভূমি অভয়ারণ্য স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা; প্রশিক্ষণ ও প্রদর্শনী খামারের মাধ্যমে উপকূলীয় অঞ্চলের দরিদ্র মৎস্য চাষি / মৎস্যজীবীদের জন্য প্রায়োগিক জলজ প্রযুক্তি এবং মৎস্য ব্যবস্থাপনা ব্যবস্থার প্রবর্তন; ভাইরাস-মুক্ত চিংড়ি (পিএল) সরবরাহ নিশ্চিত করতে, সকল হ্যাচারি মা চিংড়ি এবং চিংড়ি পিএল উভয়ের পিসিআর পরীক্ষা নিশ্চিত করবে; হ্যাচারি, নার্সারি পরিচালনা এবং মাছের পোনা ও রেণু সরবরাহ, মাছ এবং চিংড়ি ফিড উৎপাদন, আমদানি ও বিপণন, ফিড উপাদান, খনিজ এবং ভিটামিন প্রিমিক্স এবং অন্যান্য কৌশামল নিয়মিত নজরদারি করা হবে; মৎস্য এবং মৎস্যজাত পণ্যের কঠোর মাননিয়ন্ত্রণ নিশ্চিতকরণ; দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে নিরাপদ এবং মানসম্পন্ন মাছের সরবরাহ নিশ্চিত করা; জেলেদের ভিজিডি এবং ভিজিএফের মতো সামাজিক সুরক্ষা কর্মসূচিগুলিতে অ্যাক্সেস থাকবে এবং মাছ ধরার ওপরে নিষেধাজ্ঞা চলাকালীন সময়ে বিকল্প জীবিকার ব্যবস্থা থাকবে। গবাদিপশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং পরজীবী রোগের বিরুদ্ধে ও কৃমিনাশক কর্মসূচির বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ ভূমিহীন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের টেকসই আয় উপার্জন ও কর্মসংস্থানের প্রসার করা; জলবায়ু সহনশীল ও সুলভ মূল্যে পশুখাদ্য ও তার উপকরণের উন্নয়ন প্রক্রিয়াজাত পণ্যসহ দুধ, ডিম ও মাংসের টেকসই উৎপাদনে সহায়তা প্রদান গবাদি পশুর জাত উন্নয়ন; বাণিজ্যিক ভিত্তিতে পশু থেকে উৎপাদিত পণ্য ও উপজাত পণ্য উৎপাদন, বিপণন ও রপ্তানিতে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধিতে সহায়তা করে	[১.১] আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার স্থাপন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.৩] উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ; [১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.৫] ক্ষতিকর জাল ধ্বংস এবং মা ইলিশ রক্ষা, জাটকা সংরক্ষণ ও সমুদ্রে ৬৫দিন মৎস্য আহরণ নিষিদ্ধ সময়ে মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [২.৩] মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান; [২.৪] বিকল্প কর্মসংস্থানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান, উপকরণ বিতরণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৩.১] গবাদিপশুর জাত উন্নয়নে সিমেন উৎপাদন; [৩.২] কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৩.৩] সরকারি খামারে এক দিনের হাঁস-মুরগির বাচ্চা উৎপাদন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন; [৩.৪] রমজান মাস উপলক্ষ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ঢাকা শহরের বিভিন্ন স্থানে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়; [৪.১] মৎস্য ও পশু খাদ্য চাহিদা, উৎপাদন, মূল্য এবং আমদানী-রপ্তানি ও বিপণন নিয়ন্ত্রণ কমিটির সভা আহবান ও সভায় গৃহীত বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত বাস্তবায়ন; [৪.২] নিরাপদ ও আধুনিক পদ্ধতিতে মৎস্য অবতরণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৪.৩] ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন; [৪.৪] মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির জন্য স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান; [৪.৫] মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত টিভিসি, টিভি ফিলার, জিঞ্জেল ও প্রামাণ্যচিত্র প্রদর্শন/প্রচার; [৪.৬] জেলাপ্রশাসক সম্মেলন-২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ; [৫.১] রোগ প্রতিরোধে টিকা উৎপাদন ও প্রয়োগ; [৫.৩] গুণগত মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন এবং চিংড়ি উৎপাদন বৃদ্ধিতে এসপিএফ মুক্ত বাগদা পিএল নিশ্চিতকরণে উৎপাদিত পিএল নমুনার পিসিআর পরীক্ষা ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন; [৫.১] রোগ প্রতিরোধে টিকা উৎপাদন ও প্রয়োগ; [৫.২] গুণগত মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন এবং মা চিংড়ি ও উৎপাদিত এসপিএফ পিএল নমুনার পিসিআর পরীক্ষা;	প্রকৃতপক্ষে মূল কার্যক্রমসমূহ আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে বাস্তবায়িত হবে।
৪	প্রেক্ষিত পরিকল্পনা	পৃষ্ঠা-৭৪ [৬.৬.৩] মৎস্যচাষ নিবিড়ায়ন ও প্রজাতি বহুমুখীকরণ বিকশিত করা; মৎস্যচাষ উৎপাদন টেকসই ও বহুমুখী করার জন্য কৃষি যান্ত্রিকীকরণ ও মৎস্যচাষের উল্লেখ বিস্তারে অগ্রাধিকার দান করা; প্রশিক্ষণ ও মাঠ প্রদর্শনীর মাধ্যমে উপকূলীয় অঞ্চলের জেলে সম্প্রদায় ও গরিব মৎস্যচাষীদের জন্য মৎস্য ব্যবস্থাপনা সিস্টেম ও অভিযোজনমূলক মৎস্যচাষ প্রযুক্তির প্রবর্তন;	[১.১] আইওটি (IOT) বেজড মৎস্য প্রদর্শনী খামার স্থাপন ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.২] উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ; [১.৩] মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে গঠিত কমিটির সভা আহবান/আয়োজন; [১.৪] মাছের অভয়াশ্রম স্থাপন, রক্ষণাবেক্ষণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [১.৬] গবেষণা ইনস্টিটিউট কর্তৃক মৎস্য বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর; [১.৭] মৎস্য ও মৎস্যজাত প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর [৩.৬] প্রাণি ও প্রাণিজাত প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর; [২.৪] বিকল্প কর্মসংস্থানের নিমিত্ত প্রশিক্ষণ প্রদান, উপকরণ বিতরণ ও মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৫.৩] গুণগত মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন এবং চিংড়ি উৎপাদন বৃদ্ধিতে এসপিএফ মুক্ত বাগদা পিএল নিশ্চিতকরণে উৎপাদিত পিএল নমুনার পিসিআর পরীক্ষা।	প্রকৃতপক্ষে মূল কার্যক্রমসমূহ আওতাধীন দপ্তর/সংস্থার মাধ্যমে বাস্তবায়িত হবে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
৫	ব-দ্বীপ পরিকল্পনা	পৃষ্ঠা-২০-২১ সামুদ্রিক সম্পদের বহুমাত্রিক জরিপ দ্রুত সম্পন্ন করা; গভীর ও অগভীর উভয় সমুদ্রে মাছ ধরার কার্যক্রম জোরদারকরণ; দীর্ঘমেয়াদে মাছের প্রাপ্যতা নিশ্চিত করার জন্য জীববৈচিত্র্য বজায় রাখা;	[১.৪] নতুন অভয়াশ্রম স্থাপন, বিদ্যমান অভয়াশ্রম রক্ষণাবেক্ষণ ও মন্ত্রণালয় কর্তৃক অভয়াশ্রম পরিদর্শন [১.৫] মৎস্য সম্পদ রক্ষায় আইন বাস্তবায়ন ও ভিজিএফ সহায়তা প্রদান; [২.২] সমুদ্রগামী ফিসিং ও নৌ-বাণিজ্যিক জাহাজে চাকুরির জন্য ২ বছর মেয়াদি পি-সী প্রশিক্ষণ কোর্স পরিচালনা।	প্রকৃতপক্ষে মূল কার্যক্রমসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা বাস্তবায়ন করবে এবং মন্ত্রণালয় সে সকল কার্যক্রম পরিদর্শন করবে।
৬	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা	গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্তৃক নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন। (ক) পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে; (খ) নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকতার সঙ্গে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে; (গ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্তম্ভ স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে; (ঘ) নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে হবে। বিদেশি ঋণ/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এ ছাড়া, চলমান প্রকল্পসমূহের যোগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে; (ঙ) সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর নিকট পৌঁছানো নিশ্চিত করতে হবে; (চ) সরকারের শূন্য পদসমূহে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে; (ছ) রপ্তানি বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে;	[১.৩] মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর সভাপতিত্বে গঠিত কমিটির সভা আহ্বান/আয়োজন; [৩.৪] রমজান মাস উপলক্ষ্যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ঢাকা শহরের বিভিন্ন স্থানে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রয়; [২.৩] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন; [২.১] মন্ত্রণালয়ের অধীন চলমান উন্নয়ন প্রকল্প পরিদর্শন এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন; [৪.২] নিরাপদ ও আধুনিক পদ্ধতিতে মৎস্য অবতরণ এবং মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন; [৪.৩] ফিডমিল ও অন্যান্য প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন; [৪.৪] মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানির জন্য স্বাস্থ্যকরত্ব সনদ প্রদান; [৪.৬] জেলাপ্রশাসক সম্মেলন-২০২৪ এর সিদ্ধান্ত বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ।	নির্বাচনী ইশতেহার ২০২৪ এর আলোকে গৃহীত কার্যক্রমসমূহ আলাদাভাবে উপস্থাপন করা হয়েছে বিধায় এখানে উল্লেখ করা হয়নি